গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ধনবাড়ী, টাঙ্গাইল
www.dhanbari.tangail.gov.bd

স্মারক নং- ৩১.৩০.৯৩২৫.০০০.০৫.০৩.২০২৩.০৫

তারিখ ঃ ২০ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

জলমহালের ইজারা বন্দোবস্ত বিজ্ঞপ্তি
(বিজ্ঞপ্তি নং- ০১/১৪৩৩ বাংলা)

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ধনবাড়ী উপজেলা প্রশাসনের ব্যবস্থাধীন ইজারাযোগ্য ২০ (বিশ) একর পর্যন্ত আয়তন বিশিষ্ট নিম্নবর্ণিত বদ্ধ জলমহালসমূহ সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ মোতাবেক নিম্নবর্ণিত সিডিউল অনুযায়ী আগামী ০৩ (তিন) বছর অর্থাৎ ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে আগ্রহী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতির নিকট থেকে শর্তসাপেক্ষে অনলাইনে আবেদন/দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | তারিখ | গৃহীত কার্যক্রম |
|---|---|---|
| ০১ | ০১ মাঘ হতে ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারি ২০২৬ এর মধ্যে | ইজারার জন্য প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে (jm.lams.gov.bd) আবেদন দাখিল। |
| ০২ | ১৮ মাঘ থেকে ২০ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ / ০১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারি ২০২৬ এর মধ্যে | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়/সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, ধনবাড়ী, টাঙ্গাইল এ দাখিল। |
| ০৩ | ২২ মাঘ থেকে ২৮ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ/ ০৫ ফেব্রুয়ারি হতে ১১ ফেব্রুয়ারি ২০২৬ এর মধ্যে | অনলাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই। |
| ০৪ | ২৯ মাঘ থেকে ০৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/ ১২ ফেব্রুয়ারি হতে ১৮ ফেব্রুয়ারি ২০২৬ এর মধ্যে | উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন |
| ০৫ | ০৬ ফাল্গুন হতে ২৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/১৯ ফেব্রুয়ারি হতে ১১ মার্চ ২০২৬ এর মধ্যে | ইজারা অনুমোদনের জন্য জেলা প্রশাসক বরাবর প্রেরণ (প্রযোজ্য ক্ষেত্রে) এবং জেলা প্রশাসক কর্তৃক অনুমোদন। |
| ০৬ | ২৭ ফাল্গুন থেকে ০২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ /১২ মার্চ হতে ১৬ মার্চ ২০২৬ এর মধ্যে | উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক ইজারা আদেশ প্রদান ও ইজারা গ্রহীতাকে অবহিতকরণ। |
| ০৭ | ০৩ চৈত্র থেকে ১৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ/১৭ মার্চ থেকে ২৯ মার্চ ২০২৬ এর মধ্যে | ইজারা গ্রহীতা কর্তৃক নির্ধারিত কোডে সাকুল্য ইজারা মূল্য ও অন্যান্য সরকারি করাদি জমা প্রদান ও ইজারা গ্রহীতার সাথে চুক্তি সম্পাদন। |
| ০৮ | ১ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ/১৪ এপ্রিল ২০২৬ এর মধ্যে | ইজারা গ্রহীতাকে জলমহালের দখল বুঝিয়ে দেয়া। |

**জলমহালের তালিকা ঃ**

| ক্রঃ নং | উপজেলার নাম | ইউনিয়নের নাম | ইজারাযোগ্য জলমহালের নাম | জলমহালের আয়তন (একরে) | বিগত তিন বছরের গড় ইজারা মূল্য | বার্ষিক সরকারী ইজারা মূল্য | ইজারা মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ধনবাড়ী | ধনবাড়ী সদর | পাথালিয়া পুকুর ২ | ০.৩৪ | ২১৬৭/- | ২,২৭৬/- | ১৪৩৩-১৪৩৫ | জলাশয়/পুকুরের তালিকায় ভুলত্রুটি পরিলক্ষিত হলে উহা পরিবর্তন ও সংশোধন যোগ্য |
| ২ | ধনবাড়ী | মুশুদ্দি | বাগুয়া পুকুর | ০.৬৪ | ১৩৬৬৭/- | ১৪৩৫১/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ৩ | ধনবাড়ী | ধোপাখালী | নরিল্যা পুকুর ১ | ১.৩৮ | ৬,৮৩৪/- | ৭,১৭৬/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ৪ | ধনবাড়ী | ধোপাখালী | নরিল্যা পুকুর ২ | ০.৪৪ | ৭,৫৬৭/- | ৭,৯৪৬/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ৫ | ধনবাড়ী | ধোপাখালী | টেংরাদহ | ৯.৩৭ | ১,৫৫,৩৩৪/- | ১,৬৩,১০০/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ৬ | ধনবাড়ী | ধোপাখালী | কান্দিপুর | ০.৯১ | ১৬,৬৬৭/- | ১৭,৫০১/- | ১৪৩৩-১৪৩৫ | |
| ৭ | ধনবাড়ী | পাইস্কা | কয়ড়া পুকুর | ০.৭৮ | ১৫৮৩৪/- | ১৬,৬২৯/- | ১৪৩৩-১৪৩৫ | |

০৪/০১/২০২৬
( নূরজাহান আক্তার সাথী )
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ধনবাড়ী, টাঙ্গাইল।

CS CamScanner

## সরকারি জলমহাল ইজারা গ্রহণের শর্তাবলী ঃ

১. বিজ্ঞপ্তিতে উল্লেখিত সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধনবাড়ী, টাঙ্গাইল এবং উপজেলা ভূমি অফিস, ধনবাড়ী, টাঙ্গাইল হতে নির্ধারিত আবেদন ফরম ক্রয় ও জমা প্রদান করতে হবে।

২. আবেদনসমূহ নির্ধারিত মূল্য ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ১/৪৬৩১/০০০০/১২৬১ কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করে প্রতিবার আবেদনপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত দিবসে অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধনবাড়ী, টাঙ্গাইল এবং উপজেলা ভূমি অফিস, ধনবাড়ী, টাঙ্গাইল হতে ক্রয় করা যাবে।

৩. দাখিলকৃত আবেদনে প্রার্থীত জলমহালের বার্ষিক সরকারী ইজারা মূল্য অপেক্ষা কম হলে আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। দাখিলকৃত আবেদনের আবেদন ফরমের মূল্য বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) ১/৪৬৩১/০০০০/১২৬১ কোডে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করে প্রতিবার আবেদনপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত তারিখের মধ্যে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (যে কোন তপসিল ব্যাংক হতে) করতে হবে। উক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধনবাড়ী, টাঙ্গাইল এর অনুকূলে আবেদনের সাথে দাখিল করতে হবে।

৪. নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী বা তার তীরবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি যা সমবায় অধিদপ্তর/সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, সে সমিতি বা সমবায় সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবেন না।

৫. নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি /সমিতি তাদের নামের তালিকা (ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) সংযুক্ত করবেন এবং একই সাথে তার অনুলিপি উপজেলা নিবর্হী অফিসার ও আহবায়ক উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করবেন।

৬. প্রকৃত মৎস্যজীবীদের সংগঠন স্থানীয় পর্যায়ে সমবায় অধিদপ্তরে বা সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধিত হলে স্থানীয় জলমহাল ব্যবস্থাপনা বা ইজারায় অংশ গ্রহণ করতে পারবেন। তবে কোন সমিতিতে এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন; তবে সে সমিতি কোন সরকারী জলমহাল বন্দোবস্ত পাওয়ার যোগ্য হবে না। কোন ব্যক্তি বা কোন অনিবন্ধিত সমিতি সরকারী জলমহাল ব্যবস্থাপনায় আবেদন করতে পারবেন না।

৭. আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/সমিতি/ সমবায় সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবেন। আবেদনকারী মৎস্যজীবী /সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণস্বরুপ উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সঙ্গে দাখিল করতে হবে এবং সাথে বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠনের /সমিতির জন্য অডিট রিপোর্ট এর প্রয়োজন হবে না।

৮. যদি সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তাহলে সেক্ষেত্রে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলার মৎস্যজীবী সংগঠন/সমিতি জলমহাল বন্দোবস্ত পাওয়ার জন্য আবেদন করতে পারবে।

৯. লীজগ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/সমবায় সমিতি/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি/গোষ্ঠীকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি করে থাকে তাহলে উপজেলা নিবর্হী অফিসার উক্ত লীজ বাতিল করবেন এবং জমাকৃত লীজমানি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজগ্রহীতা মৎস্যজীবী সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবে না।

১০. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন/সমিতি দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১১. উপজেলা নিবর্হী অফিসার কর্তৃক বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে আবেদনের সাথে দাখিল করতে হবে। লীজ প্রাপ্ত সমিতির শেষ বছরের লীজমানির সাথে উক্ত টাকা সমন্বয় করা হবে। লীজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১২. ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত ১৫% ভ্যাট ও ১০% আয়কর লীজ মানির সাথে একত্রে প্রদান করতে হবে।

১৩. সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এ বর্ণিত অন্যান্য শর্তাবলী এবং সরকার কর্তৃক সময়ে সময়ে জারীকৃত বিধি বিধান ইজারাদার মেনে চলতে বাধ্য থাকবে।

১৪. জলমহাল ও জলমহালের ইজারা সংক্রান্ত অন্যান্য শর্তাদিসহ যে কোন বিষয় সহকারী কমিশনার (ভূমি), ধনবাড়ী, টাঙ্গাইল এর কার্যালয় হতে জানা যাবে।

১৫. ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ যে কোন আবেদন পত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং ইজারার বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৪/০২/২০২৫

( নূরজাহান আক্তার সাথী )
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ধনবাড়ী, টাঙ্গাইল।

CS CamScanner

স্মারক নং- ৩১.৩০.৯৩২৫.০০০.০৫.০৩.২০২৩. ০৫

তারিখ ঃ ২০ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৩. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৪. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), টাঙ্গাইল।
৫. প্রশাসক, উপজেলা পরিষদ, ধনবাড়ী, টাঙ্গাইল।
৬. রেভিনিউ ডেপুটি কালেক্টর, টাঙ্গাইল।
৭. উপজেলা ....................................কর্মকর্তা (সকল), ধনবাড়ী, টাঙ্গাইল।
৮. প্রশাসক, ধনবাড়ী পৌরসভা, ধনবাড়ী, টাঙ্গাইল।
৯. প্রশাসক/চেয়ারম্যান/সচিব .................................. ইউনিয়ন পরিষদ (সকল), ধনবাড়ী, টাঙ্গাইল।
১০. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ....................................ইউনিয়ন ভূমি অফিস, ধনবাড়ী, টাঙ্গাইল। তাকে নোটিশটি এলাকায় বহুল প্রচারপূর্বক জারীর কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য বলা হলো।

১১. জনাব........................................................................................।
১২. নোটিশ বোর্ড।

04/01/2026

( সায়েম ইমরান )
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ধনবাড়ী, টাঙ্গাইল।

CamScanner